

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 29-11-2025**

**Time: 1.40 P.M.**

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR-এর অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ রাজ্যের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসবেন। বিকেল চারটেয় ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে আয়োজিত ওই বৈঠকে জেলা নির্বাচনী আধিকারিকদের পাশাপাশি Electoral Registration Officer বা ERO-দের যোগ দেওয়ার জন্য সব জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। এরাজ্যের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer সুরত গুপ্ত এবং ১২ জন Electoral Roll Observer সেখানে উপস্থিত থাকবেন।

-----

রাজ্যে এস আই আর প্রক্রিয়ার উপর কঠোর নজরদারির জন্য নির্বাচন কমিশন বিশেষ রোল অবজারভার নিয়োগ করেছে। প্রাক্তন আইএএস সুরত গুপ্তকে ওই পদে নিয়োগ করা হয়েছে। কমিশন সূত্রে খবর, রাজ্যে এস আই আর-এর তালিকা তৈরি হচ্ছে, তার প্রতিটি দফা বিশদভাবে খতিয়ে দেখার দায়িত্ব থাকছে তাঁর উপরেই।

-----

মুর্শিদাবাদের ইসলামপুরে গত রাতে বাংলাদেশ যাওয়ার উদ্দেশ্যে জড়ো হওয়া ১২ জন বাংলাদেশীকে এক গোপন ডেরা থেকে পুলিশ গ্রেপ্তার করেছে। কারোর কাছেই বৈধ নথিপত্র নেই বলে জানিয়েছে পুলিশ। গ্রেপ্তার করা হয়েছে তাদের আশ্রয়দাতা হুশী গ্রাম পঞ্চগায়েতের, চর গোপালপুরের বাসিন্দা সাবের আলী নামের এদেশের এক বাসিন্দাকে। পুলিশ জানিয়েছে, ধৃতরা ২৩ থেকে ৩৪ বছর বয়সী যুবক, তারা প্রত্যেকেই বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ ও রাজশাহীর বাসিন্দা।

---

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সকালে বাগডোগরা বিমানবন্দর যান। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তা, মাটিগাড়া-নকশালবাড়ির বিধায়ক আনন্দময় বর্মণ, ডাবগ্রাম-ফুলবাড়ীর বিধায়িকা শিখা চ্যাটার্জি, বিজেপির জাতীয় মুখপাত্র প্রদীপ ভান্ডারী-সহ বিজেপির একাধিক রাজ্য ও জেলা স্তরের নেতৃত্ব।

SIR নিয়ে তৃণমূল কংগ্রেসের দ্বিচারিতার অভিযোগ তোলেন তিনি। রাজ্যের প্রশাসনিক সিদ্ধান্ত থেকে আইনশৃঙ্খলা সহ বিভিন্ন বিষয়েই সমালোচনায় সরব হন শ্রী অধিকারী।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল (রবিবার), আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অনএ.আই.আর. ওয়েবসাইট,

মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় শোনা যাবে এর তর্জমা।

-----

রাজ্যপাল সি ভি আনন্দ বোস রাজভবনকে জনগণের জন্য খুলে দেওয়ার যে অঙ্গীকার করেছিলেন, তারই অংশ হিসেবে রাজভবনের নতুন নাম হচ্ছে লোকভবন। আজ রাজভবনে রাজ্যপাল আনুষ্ঠানিকভাবে এই নাম পরিবর্তন করে রাজের পরিবর্তে লোক যুক্ত করেন।

-----

কলকাতা পুরসভার ১১৭ নম্বর ওয়ার্ড এলাকায় গতকাল ১৩ দশমিক ৬/২ লক্ষ লিটার ক্ষমতা সম্পন্ন একটি বৃহদাকার জলাধারের উদ্বোধন করেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। ফিরহাদ হাকিম বলেন, এই জলাধারটি নির্মাণ করার ফলে ১১৭ নম্বর ওয়ার্ড এলাকার বুড়োশিব তলা সহ সংলগ্ন বেশ কিছু এলাকায় জল সরবরাহের পরিমাণ বৃদ্ধি পাবে।

-----

কলকাতা পুরসভা এলাকায় বেআইনি নির্মাণের অভিযোগ সংক্রান্ত বিষয়ে পুরসভার বিল্ডিং বিভাগকে দ্রুত শুনানির নির্দেশ দিয়েছেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। গতকাল টক টু মেয়র অনুষ্ঠানে এক অভিযোগের প্রেক্ষিতে তিনি এই নির্দেশ দেন।

-----

নিউটাউনের যাত্রা গাছিতে স্বর্ন ব্যবসায়ী স্বপন কামিল্যার খুনের ঘটনায় গতকাল গোবিন্দ সরকার নামে আরো একজন গ্রেফতার। রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের ঘনিষ্ঠ গোবিন্দ সরকারকে কোচবিহারের পুন্ডিবাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে। এই নিয়ে ওই ঘটনায় মোট পাঁচজন গ্রেফতার হলো। যদিও স্বপনের পরিবারের পক্ষ থেকে প্রশান্ত বর্মনকে গ্রেফতারের দাবী জানানো হয়েছে।

-----

West Bengal Police Recruitment Board Examination এর পরীক্ষায় পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে আগামীকাল (30.11.2025) পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শহরতলীতে বেশি EMU লোকাল চালাবে। ওই দিন সকাল ৯ টা থেকে দুপুর ৩ টে পর্যন্ত রবিবারের বাতিল থাকা ট্রেন গুলি অন্যান্য কাজের দিনের মত যাত্রা শুরু করবে বলে রেল সূত্রের খবর।

-----

ইঞ্জিনিয়ারিং, Over Head Equipment (OHE) এবং সিগন্যালের রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনে আগামীকাল ট্রাফিক ও পাওয়ার ব্লকের কারণে হাওড়া থেকে শেওড়াফুলি, ব্যান্ডেল, আরামবাগ, বর্ধমানগামী ৪ টি, আরামবাগ থেকে হাওড়া, তারকেশ্বরগামী ২ টি, ব্যান্ডেল, বর্ধমান, শেওড়াফুলি থেকে একটি করে হাওড়াগামী লোকাল বাতিল থাকবে। এছাড়া, 37365 হাওড়া-আরামবাগ লোকাল তারকেশ্বরে যাত্রা শেষ করবে বলে রেল সূত্রের খবর।

-----

দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনে সাবওয়ে চালুর জন্য আজ বেশ কিছু ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ করা হয়েছে। আজ ভোজুডি-শালিমার আরণ্যক এক্সপ্রেস, আগামিকাল ৩০ শে নভেম্বর মসাত্ৰাম-বাঁকুড়া-মসাত্ৰাম বাতিল থাকবে।

---

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের ৪০ তম বর্ষপূর্তি উপলক্ষে রাজ্য জুড়ে আজ নানা কর্মসূচির আয়োজন করেছে বিজ্ঞান মঞ্চ। বিজ্ঞানের প্রসার ও জলবায়ু পরিবর্তন সম্পর্কে সচেতন করতে, সাধারণ মানুষকে বিজ্ঞানমনস্ক করে তুলতে রাজ্য জুড়ে ব্যাপক কর্মসূচি বিজ্ঞান মঞ্চের তরফ থেকে নেওয়া হয়েছে।

---

পুরুষদের অনূর্ধ্ব ২৩ রাজ্য এলিট এ ট্রফি ক্রিকেটে তামিলনাড়ু বাংলার সামনে জয়ের জন্য ২৩৯ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। প্রথমে ব্যাট করে তামিলনাড়ু ৪৯ ওভার ৪ বলে সবকটি উইকেট হারিয়ে ২৩৮ রান তোলে। মানব পরাখ ৯২ রান করেন। বাংলার হয়ে রবি কুমার ৩টি উইকেট নেন।

জবাবে ব্যাট করতে নেমে বাংলা, শেষ পাওয়া খবরে, ২ উইকেটে ৭ রান করেছে।

---